গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়।
(স্থানীয় সরকার শাখা)
www.panchagarh.gov.bd

স্মারক নম্বর- ৪৬.৪৭.৭৭০০.০১০.১১.০০১.২০১৮.১৫

তারিখ: ০২ মাঘ ১৪৩১ / ১৬ জানুয়ারি ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ শাখার ২১/১১/২০২৪ খ্রিষ্টাব্দ তারিখের ৪৬.০১৮.০৩২.০০.০০.০৫৬.১৬.১৫৮৮ নম্বর স্মারকের ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে পঞ্চগড় জেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদের শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে "ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা" ও "হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর" পদে নিয়োগ এবং প্যানেল প্রস্তুতের (প্রযোজ্য ক্ষেত্রে) লক্ষ্যে নিম্নবর্ণিত জাতীয় বেতন স্কেল ও শর্তাদি স্বাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও পঞ্চগড় জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নম্বর | পদের নাম | পদ সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা | ০৮ (আট) টি | গ্রেড-১৪, বেতন স্কেল ১০২০০-২৪৬৮০/- টাকা (তৎসহ সরকার অনুমোদিত অন্যান্য ভাতাদি (সরকার কর্তৃক ৭৫% ও ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% পরিশোধযোগ্য) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ০২ | হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর | ০৫ (পাঁচ) টি | গ্রেড-১৬, বেতন স্কেল ৯৩০০-২২৪৯০/- টাকা (তৎসহ সরকার অনুমোদিত অন্যান্য ভাতাদি সরকার কর্তৃক ৭৫% ও ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% পরিশোধযোগ্য) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং<br>(গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্নগতি বাংলা ২০ (বিশ) শব্দ ও ইংরেজি ২০ (বিশ) শব্দ। |

### শর্তাবলি:

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও পঞ্চগড় জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। একজন প্রার্থী একটির বেশি পদে আবেদন করতে পারবেন না।

০৩। ০২ নং ক্রমিকের পদের প্রার্থীর ক্ষেত্রে কম্পিউটার টাইপের নির্ধারিত গতি থাকতে হবে।

০৪। নিয়োগ সংক্রান্ত যে কোনো তথ্য পঞ্চগড় জেলার ওয়েবসাইট (www.panchagarh.gov.bd ) এবং জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড় ও জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা ভূমি অফিসের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

০৫। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০৬। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি :**

(ক) আগ্রহী প্রার্থীগণ http://dcpanchagarh.teletalk.com.bd এই ওয়েবসাইটে প্রবেশ করে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফর্ম পূরণ করবেন। **অনলাইনে আবেদনপত্র গ্রহণ শুরু হবে ০৫/০২/২০২৫ তারিখ সকাল ১০:০০ টা হতে এবং শেষ হবে ২৮/০২/২০২৫ তারিখ বিকাল ৫:০০টা পর্যন্ত।** উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থীগণ নিজের স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০Xপ্রস্থ ৮০ Pixel) এবং রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) Online আবেদনপত্রে উল্লিখিত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র প্রেরণ করার পূর্বেই আবেদন ফর্মে তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy, প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো teletalk prepaid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ১০০/-টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২ (বার) টাকাসহ অফেরৎযোগ্য মোট ১১২/- (একশত বার) টাকা এবং সকল পদে অনগ্রসর নাগরিক (শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ এবং ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী) নাগরিকদের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ ৬/-(ছয়) টাকাসহ অফেরৎযোগ্য মোট ৫৬/-(ছাপান্ন) টাকা আবেদন Submit করার পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS:** DCPGR<space>User ID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: DCPGR ABCDEF & send to 16222

**দ্বিতীয় SMS:** DCPGR<space>Yes <space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: DCPGR Yes 12345678 & send to 16222

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dcpanchagarh.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল ফোন নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনাবলি তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় ব্যবহার করার পর পরবর্তীতে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে এই প্রবেশপত্রটি পুনরায় ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় ব্যবহার করবেন।

(জ) শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

***User ID জানা থাকলে DCPGR<space>Help<space>User ID লিখে send করতে হবে 16222**

Example: DCPGR Help User ABCDEF & send to 16222

***PIN Number জানা থাকলে DCPGR<space> Help <space> PIN No লিখে send করতে হবে 16222**

Example: DCPGR Help PIN1234567 & send to 16222

(ঝ) Online এ আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(ঞ) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যেকোন টেলিটক নাম্বার থেকে কল করুন ১২১-এ অথবা ই-মেইল করুন vas.query@teletalk.com.bd অথবা alljobs.query@teletalk.com.bd [Mail এর subject- এ Organization Name: DCPGR, Post Name**********, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে]

০৭। **প্রার্থীর বয়সসীমা ২৮/০২/২০২৫ তারিখে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।**

০৮। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৯। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় (প্রয়োজ্যক্ষেত্রে) উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূলকপি উপস্থাপন করতে হবে:

(ক) সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/প্রশাসক/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণক স্বরূপ সকল মূল/সাময়িক সনদপত্র।

(গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঘ) জাতীয় পরিচয়পত্র অথবা সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/প্রশাসক/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত জন্মনিবন্ধন সনদপত্র।

(ঙ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে চাকরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। **বর্ণিত সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদ হিসেবে গ্রহণযোগ্য হবে না।**

(চ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সদস্যদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

১০। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারীকে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবিসহ সিল থাকতে হবে।

১১। চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র প্রদর্শন করতে হবে।

১২। **কোটা সম্পর্কিত প্রচলিত সর্বশেষ সরকারি নীতিমালা/পরিপত্র/গেজেট অনুসরণ করা হবে।**

১৩। কর্তপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। এছাড়াও কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত শর্তাবলীর যে কোন শর্ত পরিবর্তন, সংশোধন, সংযোজন, বিয়োজন বাতিল করার এবং বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন।

১৫। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬। **হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে নিয়োগের ক্ষেত্রে উচ্চ আদালতের নির্দেশনা অনুসরণ করা হবে।**

১৭। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ এজন্য দায়ী থাকবেন না। এক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তাঁর বিরুদ্ধে যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৮.০২.২৫


মোঃ সাবেত আলী
জেলা প্রশাসক
পঞ্চগড়
ফোন: ০২৫৮৯৯৪২০০০
ই-মেইল: dcpanchagarh@mopa.gov.bd

তারিখ: ০২ মাঘ ১৪৩১

স্মারক নম্বর- ৪৬.৪৭.৭৭০০.০১০.১১.০০১.২০১৮.১৫ ১৬ জানুয়ারি ২০২৫

**অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

৫. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।

৬. জেলা প্রশাসক, ...................................(সকল)।

৭. পুলিশ সুপার, পঞ্চগড়।

৮. সিভিল সার্জন, পঞ্চগড়।

৯. জেলা....................................................কর্মকর্তা, পঞ্চগড়।

১০. উপজেলা নির্বাহী অফিসার,................................(সকল), পঞ্চগড়

১১. সহকারী কমিশনার (ভূমি), .............................(সকল), পঞ্চগড়।

১২. সহকারী কমিশনার, আইসিটি শাখা, পঞ্চগড়। নিয়োগ বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইডে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

১৩. জেলা তথ্য অফিসার, পঞ্চগড়। বিজ্ঞাপনটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১৪. চেয়ারম্যান/প্রশাসক, ...............................ইউনিয়ন পরিষদ, ....................... পঞ্চগড়।

১৫. বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক কালবেলা, ঢাকা / বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক দিনকাল, ঢাকা। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি একদিন আপনার পত্রিকায় ভিতরের পাতায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১৬. বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক প্রতিদিন, দিনাজপুর। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি একদিন আপনার পত্রিকায় ভিতরের পাতায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১৭. অফিস কপি

মোঃ সাবেত আলী
জেলা প্রশাসক
পঞ্চগড়।